# ICS পরিবেশগত আচরণবিধি

# ICS পরিবেশগত আচরণবিধি

**ইনিশিয়েটিভ ফর কমপ্লায়েন্স অ্যান্ড সাসটেইনেবিলিটি-এর প্রত্যেক সদস্য, সদস্যদের তালিকার জন্য - www.ics-asso.org দেখুন- তারা আশা করেন যে তাদের সাপ্লায়াররা ICS পরিবেশগত আচরণবিধি (এরপর থেকে 'বিধি' বলা হবে), এই বিধিটি_ খুচরো বিক্রেতাদের নিজস্ব আচরণবিধি দ্বারা সম্পূর্ণ করা যেতে পারে৷ এই বিধিতে স্বাক্ষর করার মাধ্যমে, সাপ্লায়ার এটি মেনে চলার এবং তার নিজের সাব-কন্ট্রাক্টর এবং পার্টনারাও মেনে চলবে এমন প্রতিশ্রুতি নেয়।**

1. তা নিশ্চিত করতে সাপ্লায়ার একটি দক্ষ অভ্যন্তরীণ ব্যবস্থাপনা চালু করবে:
   a. এই বিধিতে উল্লিখিত নীতিসমূহ সাপ্লায়ার সংস্থার মধ্যে ধারাবাহিকভাবে প্রচারিত এবং প্রয়োগ করা হয়;
   b. সাপ্লায়ার এই বিধিতে উল্লিখিত নীতিসমূহ লঙ্ঘন করে এমন সমস্ত কাজ চিহ্নিত করবে, চিহ্নিত সমস্যার অন্তর্নিহিত কারণ নির্ধারণ করবে এবং জাতীয় আইন, নিয়ম ও প্রয়োগ এবং আন্তর্জাতিক কর্মসংস্থানের মান অনুযায়ী কার্যকরভাবে এই ধরনের কাজ মোকাবেলা করার ব্যবস্থা বাস্তবায়ন করবে৷

## অধ্যায় 1 -পরিবেশ ব্যবস্থাপনা পদ্ধতি

1. সাপ্লায়ার তার সম্পূর্ণ সরবরাহ এবং সাব-কন্ট্রাক্টিং শৃঙ্খলে এই বিধির নীতিসমূহ প্রচার করার দায়িত্ব নেয়:
   a. ক্লায়েন্টের দ্বারা কোনো অর্ডার দেওয়ার আগে, সাপ্লায়ারের অন্তর্গত কারখানার এবং তার সাব-কন্ট্রাক্টরের (সাপ্লায়ারের দ্বারা অনুমোদিত কোম্পানিগুলি সাপ্লায়ার দ্বারা উত্পাদিত সমস্ত বা চূড়ান্ত উত্পাদনের অংশ পরিচালনা করবে) একটি তালিকা সাপ্লায়ার ICS ক্লায়েন্টের কাছে প্রকাশ করবে। ICS ক্লায়েন্টরা এই বিধি মেনে চলে না এমন একটি কারখানায় তাদের অর্ডার তৈরি করার অনুমতি দেয় না। ICS ক্লায়েন্ট কোনো অর্ডার নিশ্চিত করলে, সাপ্লায়ার কারখানা বা সাব-কন্ট্রাক্টরদের পূর্বে প্রকাশিত তালিকা পরিবর্তন করার জন্য অনুমোদিত নয়। সাপ্লায়ার এবং সাব-কন্ট্রাক্টরের কারখানার তালিকা পরিবর্তন করার প্রয়োজন হলে, ICS ক্লায়েন্টের কাছ থেকে লিখিত চুক্তি সংগ্রহ করতে হবে।
   b. সাপ্লায়ার ICS ক্লায়েন্টের উতপাদন শৃঙ্খলের মধ্যে চিহ্নিত কারখানা বা সাব-কন্ট্রাক্টরগুলি এই বিধির নীতিমেনে চলছে কিনা তা পরীক্ষা করবে।
   c. যদি সাপ্লায়ার তার সরবরাহ এবং সাব-কন্ট্রাক্টিং শৃঙ্খলে এই বিধির নীতিসমূহ লঙ্ঘন সম্পর্কে সচেতন থাকেন, তাহলে এটি অবিলম্বে ICS ক্লায়েন্টকে অবহিত করবে এবং সংশ্লিষ্ট সাপ্লায়ার/সাব-কন্ট্রাক্টরের জন্য একটি সংশোধনমূলক পদক্ষেপ পরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব নেবে। যদি সাপ্লায়ার/সাব-কন্ট্রাক্টর সহযোগিতা করতে অস্বীকার করে, তাহলে সাপ্লায়ার সংশ্লিষ্ট সাপ্লায়ার/সাব-কন্ট্রাক্টরের সাথে তার সহযোগিতা বন্ধ করার অঙ্গীকার করবে।

2. তা নিশ্চিত করতে সাপ্লায়ার একটি দক্ষ অভ্যন্তরীণ পরিবেশগত ব্যবস্থাপনা পদ্ধতি চালু করবে:
   a. বাস্তবায়িত পরিবেশ ব্যবস্থাপনা কার্যক্রম এবং অর্পিত ব্যবস্থাপনার দায়িত্ব নিয়ন্ত্রণের জন্য কারখানার একটি ব্যবস্থা রয়েছে;
   b. এই বিধি প্রয়োগ করার দায়িত্বে থাকা ব্যক্তিরা উল্লেখযোগ্য নেতিবাচক এবং ইতিবাচক পরিবেশগত দিক ও প্রভাব সম্পর্কে বোঝেন ও সেই বিষয়ে সচেতন;
   c. এই বিধি প্রয়োগ করার দায়িত্বে থাকা ব্যক্তিরা উল্লেখযোগ্য প্রযোজ্য আইনি প্রয়োজনীয়তা সম্পর্কে বোঝেন ও সেই বিষয়ে সচেতন;

d. এই বিধি প্রয়োগের দায়িত্বে থাকা ব্যক্তিরা প্রযোজ্য স্থানীয় আইনি প্রয়োজনীয়তা সম্পর্কে জানেন কিনা তা নিশ্চিত করার জন্য ব্যবস্থা রয়েছে;
e. ম্যানেজমেন্টের একজন সদস্য পরিবেশগত ব্যবস্থাপনা কার্যক্রমের সমন্বয়ের জন্য এবং পরিবেশগত দিকগুলির সাথে সম্পর্কিত কাজে সঙ্গে থাকা কর্মীদের সকল সদস্যকে স্পষ্টভাবে দায়িত্ব অর্পণ করা হয়েছে তার জন্য দায়বদ্ধ;
f. কর্মীদের সকল সদস্যকে তাদের কাজ অনুসারে পরিবেশগত ও স্বাস্থ্য সমস্যা এবং বিপদ সম্পর্কে জানানো এবং প্রশিক্ষণ দেওয়া হয়।

## অধ্যায় 2 - শক্তির ব্যবহার, পরিবহণ ও গ্রিনহাউস গ্যাস

1. সাপ্লায়ার স্থানীয় আইনি প্রয়োজনীয়তাগুলির সাথে সাথে শক্তির ব্যবহার, পরিবহন এবং গ্রিনহাউস গ্যাস নির্গমন সম্পর্কিত প্রাসঙ্গিক এবং সর্বশেষ পারমিট মেনে চলা নিশ্চিত করবে।

2. সাপ্লায়ার তার শক্তি খরচ ট্র্যাক এবং নিরীক্ষণ করবে এবং উতপাদন স্থলে পরিবহনের জন্য জ্বালানী ব্যবহার সহ গ্রীনহাউস গ্যাস নির্গমনের হিসাব রাখবে।

3. সাপ্লায়ারকে নিশ্চিত করতে হবে যে উতপাদন স্থলে কোনো শক্তির অপচয়, যেমন বাষ্প বা কম্প্রেসড এয়ার লিক যাতে না হয়। শক্তি ব্যবহারকারী সরঞ্জাম এবং যন্ত্রপাতির রক্ষণাবেক্ষণ শক্তির খরচ এড়াতে যতটা কম প্রয়োজন ততটাই ব্যবহার করতে হবে।

## অধ্যায় 3 - জল/পানির ব্যবহার

1. সাপ্লায়ার স্থানীয় আইনি প্রয়োজনীয়তাগুলির সাথে সাথে জল/পানির ব্যবহার সম্পর্কিত প্রাসঙ্গিক এবং সর্বশেষ পারমিট মেনে চলা নিশ্চিত করবে।

2. সাপ্লায়ার তার জল/পানির ব্যবহার ট্র্যাক এবং নিরীক্ষণ করবে।

3. সাপ্লায়ারকে নিশ্চিত করতে হবে যে উতপাদন স্থলে কোনো জল/পানির ব্যবহার অপচয়, যেমন জল/পানির লিক যাতে না হয়। জল/পানি ব্যবহারকারী সরঞ্জাম এবং যন্ত্রপাতির রক্ষণাবেক্ষণ জল/পানির খরত এড়াতে যতটা কম প্রয়োজন ততটাই ব্যবহার করতে হবে।

## অধ্যায় 4 - বর্জ্য জল/পানি এবং বর্জ্য

1. সাপ্লায়ার স্থানীয় আইনি প্রয়োজনীয়তাগুলির সাথে সাথে বর্জ্য জল/পানি এবং বর্জ্য সম্পর্কিত প্রাসঙ্গিক এবং সর্বশেষ পারমিট মেনে চলা নিশ্চিত করবে।

2. সাপ্লায়ারকে নিশ্চিত করতে হবে যে কারখানার দ্বারা উত্পন্ন সমগ্র বর্জ্য জল/পানির পরিমাণ (সমস্ত বর্জ্য জল/পানির স্রোত) একটি বর্জ্য শোধনাগারে (effluent treatment plant, ETP) শোধন করা হয়েছে, সরাসরি পরিবেশে ফেলা যাবে না।

3. সাপ্লায়ারকে নিশ্চিত করবে যে একটি বর্জ্য জল/পানি নিষ্কাশন পরিকল্পনা রয়েছে।

4. সাপ্লায়ারের বর্জ্য জল/পানির প্রবাহের দিক এবং নিঃসরণ স্থান সম্পর্কে একটি সাধারণ ধারণা থাকতে হবে।

5. সাপ্লায়ারকে বর্জ্য জল/পানির দূষক এবং সম্ভাব্য প্রভাব চিহ্নিত করতে হবে।

6. সাপ্লায়ারকে অবশ্যই বর্জ্য জল/পানি শোধনের গুণমান আইন অনুযায়ী মেনে চলতে হবে।

7. সাপ্লায়ারের একটি বর্জ্য শোধনাগারের জরুরি ব্যবস্থা থাকতে হবে।

## অধ্যায় 5 - বায়ুতে নির্গত দূষণ

1. সাপ্লায়ার স্থানীয় আইনি প্রয়োজনীয়তাগুলির (পর্যবেক্ষণ সহ) সাথে সাথে বর্জ্য বায়ুতে নির্গত দূষণ এবং ওজোন-ক্ষয়কারী পদার্থ সম্পর্কিত প্রাসঙ্গিক এবং সর্বশেষ পারমিট মেনে চলা নিশ্চিত করবে।

2. সাপ্লায়ার বায়ু এবং ওজোন-ক্ষয়কারী পদার্থের উৎস নির্গমনের একটি তালিকা বজায় রাখবে এবং সেইসাথে অন্যান্য নির্গমনের সম্ভাবনা বিবেচনা করবে।

3. সাপ্লায়ারকে প্রচুর পরিমাণে বায়ু নির্গমনের পরীক্ষা করে দেখা হবে যে উতপাদন স্থলে কোনো ভারী যন্ত্র ব্যবহার করা হয় কিনা এবং আইন অনুযায়ী প্রচুর পরিমাণে বায়ু নির্গমনের মান মেনে চলা হচ্ছে কিনা।

4. সাপ্লায়ারকে নিশ্চিত করতে হবে যে ভারী যন্ত্রগুলি ভালভাবে রক্ষণাবেক্ষণ এবং পরিদর্শন করা হয়।

5. সাপ্লায়ারকে বাতাসে নির্গমনের ঝুঁকি এড়াতে ওজোন-ক্ষয়কারী পদার্থ এবং F-গ্যাস ধারণ করতে পারে এমন সরঞ্জামগুলির নিয়মিত রক্ষণাবেক্ষণ নিশ্চিত করতে হবে।

## অধ্যায় 6 - বর্জ্য ব্যবস্থাপনা

1. সাপ্লায়ার স্থানীয় আইনি প্রয়োজনীয়তাগুলির সাথে সাথে বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কিত প্রাসঙ্গিক এবং সর্বশেষ পারমিট মেনে চলা নিশ্চিত করবে।

2. সাপ্লায়ার নিশ্চিত করবে যে:
   a. বিপজ্জনক বর্জ্য প্রবাহের জন্য ইনভেন্টরি, ম্যানেজমেন্ট,স্টোরেজ এবং পরিবহন পদ্ধতি রয়েছে;
   b. উতপাদন স্থলে বর্জ্য পোড়ানো বা অনিয়ন্ত্রিত বর্জ্য মাটিতে পুঁতে দেওয়া হয় না;
   c. বিপজ্জনক এবং অ-বিপজ্জনক বর্জ্য পৃথক করা হয়;
   d. কর্মীরা বর্জ্য ব্যবস্থাপনা এবং পৃথকীকরণ সম্পর্কে সচেতন এবং প্রশিক্ষণপ্রাপ্ত;
   e. উতপাদন স্থল এবং তার বাইরের বর্জ্য নিষ্পত্তি এবং পরিচালনার রেকর্ড রক্ষণাবেক্ষণ করা হয়।

3. সাপ্লায়ারকে নিয়মিত পরীক্ষা করতে হবে বর্জ্য ঠিকাদারদের উপযুক্ত অনুমতি আছে কিনা।

4. সাপ্লায়ার সমস্ত বর্জ্য ঠিকাদারদের সাথে সর্বশেষ এবং স্বাক্ষরিত চুক্তি বজায় রাখবে।

## অধ্যায় 7 - দূষণ প্রতিরোধ, বিপজ্জনক এবং সম্ভাব্য বিপজ্জনক পদার্থ

1. সাপ্লায়ারকে নিশ্চিত করতে হবে যে এগুলি মেনে চলা হয়:
   a. দূষণ প্রতিরোধ, বিপজ্জনক এবং সম্ভাব্য বিপজ্জনক পদার্থের স্থানীয় আইনি

প্রয়োজনীয়তা;

b. দূষণ প্রতিরোধ, বিপজ্জনক এবং সম্ভাব্য বিপজ্জনক পদার্থ সম্পর্কিত প্রাসঙ্গিক এবং সর্বশেষ পারমিট;
c. আন্তর্জাতিক নিষিদ্ধ রাসায়নিক তালিকা এবং সীমাবদ্ধ রাসায়নিক ব্র্যান্ডের স্পেসিফিকেশন।

2. সাপ্লায়ারকে নিশ্চিত করতে হবে যে ম্যানেজমেন্টের একজন যোগ্য সদস্য রাসায়নিক ব্যবস্থাপনার দায়িত্বে নিযুক্ত আছেন।

3. সাপ্লায়ারকে ব্যবহৃত এবং সংরক্ষিত বিপজ্জনক পদার্থের একটি তালিকা এবং সেইসাথে সংশ্লিষ্ট সর্বশেষ মেটেরিয়াল সেফটি ডেটা শীট (MSDS) বজায় রাখতে হবে।

4. সাপ্লায়ারের নথিভুক্ত পদ্ধতি থাকতে হবে এবং এই পদ্ধতিগুলির কার্যকরভাবে প্রয়োগ করা হয় তা দেখাতে হবে:
   a. বিপজ্জনক রাসায়নিকের সনাক্তকরণ এবং শ্রমিকদের রাসায়নিক বিপত্তিতে কমানো;
   b. বিপজ্জনক পদার্থের নিরাপদ স্টোরেজ নিশ্চিত করতে রাসায়নিকের স্টোরেজ শর্ত (বেমানান রাসায়নিকের পৃথকীকরণ, ধারণ ব্যবস্থা, নিষ্কাশন ব্যবস্থা, ইত্যাদি);
   c. দুর্ঘটনার কোনো ঝুঁকি নেই তা নিশ্চিত করার জন্য রাসায়নিক আনলোড করার জন্য পরিবহন এবং প্রক্রিয়া;
   d. প্রযোজ্য পারমিট এবং আইন দ্বারা প্রয়োজনীয় কর্তৃপক্ষকে দুর্ঘটনা সম্পর্কে জানানো।

5. সাপ্লায়ারকে নিশ্চিত করতে হবে যে রাসায়নিক ব্যবহারের কাজ যুক্ত এবং দায়িত্ব থাকা কর্মীরা রাসায়নিক ব্যবস্থাপনায় (বিপত্তি এবং তীব্রতা, রাসায়নিকের অসামঞ্জস্যতা, এমএসডিএস কীভাবে পড়তে হয় ইত্যাদি সম্পর্কে জ্ঞান) প্রশিক্ষণপ্রাপ্ত।

6. সাপ্লায়ারকে নিশ্চিত করতে হবে যে রাসায়নিক সংরক্ষণ করা এবং ব্যবহার করা হয় এমন সমস্ত থাকে চোখ ধোয়া এবং স্নান করার ব্যবস্থা আছে।

## অধ্যায় ৪ - জরুরি প্রতিক্রিয়া ব্যবস্থাপনা

1. সাপ্লায়ার স্থানীয় আইনি প্রয়োজনীয়তাগুলির সাথে সাথে বড় দুর্ঘটনা প্রতিরোধ এবং ব্যবস্থাপনা সম্পর্কিত প্রাসঙ্গিক এবং সর্বশেষ পারমিট মেনে চলা নিশ্চিত করবে।

2. সাপ্লায়ারকে নিশ্চিত করতে হবে যে সংস্থাটি সমস্ত সম্ভাব্য জরুরি পরিস্থিতি চিহ্নিত করেছে এবং এটি দূষণের জরুরি পরিস্থিতি প্রতিরোধ ও প্রতিক্রিয়া জানাতে প্রস্তুত।

3. সাপ্লায়ার জরুরি প্রতিক্রিয়ার কর্মীদের একটি দল মনোনীত করবে এবং নিশ্চিত করবে যে তারা দূষণ প্রতিরোধ এবং প্রতিক্রিয়া সম্পর্কে প্রশিক্ষিত। কারখানায় যেখানে প্রয়োজন সেখানে পর্যাপ্ত জরুরি প্রতিক্রিয়ার সরঞ্জাম পাওয়া যায়।

4. সাপ্লায়ার নিশ্চিত করবে যে:
   a. বড় দুর্ঘটনার[1] ও উতপাদন স্থলে কাজের ঝুঁকিঅনুসারে বিস্তারিত নির্দেশিকা ও প্রশিক্ষণ সহ একটি আপতকালীন পরিকল্পনা করা আছে।
   b. জরুরি প্রতিক্রিয়া পরিকল্পনা স্থানীয় কর্তৃপক্ষ এবং জরুরি পরিষেবাগুলির পাশাপাশি স্থানীয় সম্প্রদায়ের কাছে প্রয়োজন অনুসারে জানানো হয়।

[1] আগুন লাগা, ভূমিকম্প (বা অন্য কোনো প্রাকৃতিক দুর্যোগ), বড় রাসায়নিক চলকে পড়া বা বিস্ফোরণ, বর্জ্য শোধনাগার ওভারফ্লো বা দুর্ঘটনাজনিত বর্জ্য জল/পানি সরাসরি পরিবেশে নিঃসরণ একটি বড় দুর্ঘটনা হতে পারে। এই তালিকা এখানেই শেষ নয়।

contact@ics-asso.org

http://www.ics-asso.org